গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প
বাড়ি-২৮৯, রোড-১৯বি, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

স্মারক নং-৪০.০০.০০০০.০২৬.৯৯.৫৩.২১-২৪ তারিখ: ২৪-০১-২০২২

**বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাস্তবায়নাধীন "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)এর ৪র্থ সভার কার্যাবিবরণী প্রেরণ।**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাস্তবায়নাধীন 'বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৪র্থ সভা কমিটির সভাপতি ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর সভাপতিত্বে ১৮-০১-২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যাবিবরনী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

24/01/2022
মোঃ মনোয়ার হোসেন
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ৮৮৭১২৪১
childlabourproject4th@gmail.com

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ১০ম-১১তম ফ্লোর, বিআইডিএ ভবন, ই-৬/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রমভবন, বিজয় নগর, ঢাকা
১০. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
১১. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থপর্যায়) প্রকল্প।
১২. যুগ্মপ্রধান (যুগ্মসচিব), এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প
বাড়ি-২৮৯, রোড-১৯বি, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
Web: ehclb4th.portal.gov.bd

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাস্তবায়নাধীন "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৪র্থ সভার কার্যবিবরনী।**

সভার তারিখ ও সময় : ১৮/০১/২০২২ সকাল ১১.০০ ঘটিকা।
সভার সভাপতি : ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার স্থান মন্ত্রনালয় এর সভাকক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্য সচিব ও প্রকল্প পরিচালক-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির আহবানে প্রকল্প পরিচালক প্রকল্পের কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেনঃ

২.১ প্রকল্পের মূল কার্যক্রম: "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" শীর্ষক প্রকল্পে ১লক্ষ শিশুকে ৬মাসব্যাপী উপানুষ্ঠানিক শিক্ষা (NFE) এবং ৪মাসব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (SDT) প্রদানের মাধ্যমে ঝুঁকিপূর্ণ পেশা হতে প্রত্যাহারের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

২.২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি: প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা (জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৮/০৫/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ০৮/০৭/২০১৮ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়েছে। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল ডিসেম্বর ২০২১ পর্যন্ত এক বছর এবং তারপর ডিসেম্বর ২০২৩ পর্যন্ত দুই বছর বর্ধিত হয়েছে। ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পটিতে মোট ক্রমপুঞ্জিত অগ্রগতি ২২৫.৭৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের এডিপিতে বরাদ্দ ৩০০০ লক্ষ টাকা। জুলাই হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি প্রায় ২৫%।

৩। আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৩.১ | গত ০১/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ৩য় পিআইসি সভার কার্যবিবরণী নিশ্চিতকরনের বিষয়ে সভায় | গত ০১/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ৩য় পিআইসি সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। উক্ত |

| | | |
|---|---|---|
| | আহবান জানানো হয়। বলা হয় যে, গত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে কোন পর্যবেক্ষণ না থাকলে তা নিশ্চিত করা যেতে পারে। | পিআইসিতে ট্রেড বিষয়ে এবং উপআনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের জন্য নির্বাচিত পুস্তক সমূহ (বাংলা, গণিত ও ইংরেজী) এনজিওদের দ্রুত সরবরাহ করতে হবে, এ বিষয়ে ০১/০৯/২০২১ আলোচিত বিষয়গুলো বলবৎ থাকবে। |
| ৩.২ | সভায় বলা হয় যে, প্রকল্পের অনুমোদিত ডিপিপির মূলধন অংশে (১) এনজিওদের পরিচালন ব্যয় এবং (২) সিডমানি এ ২টি কোড বরাদ্দসহ অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু বাজেটের (MTBF) আইবাস সিষ্টেমে এ ২টি কোডের অস্তিত্ব নেই। বাজেটে কোড ২টিতে কোন বরাদ্দ রাখা সম্ভব হচ্ছে না। ফলে প্রকল্পের মূল কার্যক্রম শুরু হলেও এনজিওদের কোনো পেমেন্ট করা যাচ্ছে না। এ সমস্যা দূরীকরনের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে অনুরোধ করা হলে অর্থ বিভাগ হতে পরামর্শ/ নির্দেশনা দেয়া হয়েছে যে,"৩৬৩২১০-প্রকল্প অনুদান" কোডে বরাদ্দ রেখে ব্যয় করা যাবে। অর্থ বিভাগ হতে ৩৬৩২১০ প্রকল্প অনুদান কোডে বরাদ্দ রেখে ব্যয় করার পরামর্শ/ নির্দেশনা দেয়ার প্রেক্ষিতে তা পরিপালন করার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | অনুমোদিত ডিপিপি-তে উল্লেখিত 'এনজিওদের পরিচালন ব্যয়' এবং 'সিডমানি' এ ২টি কোডে বরাদ্দকৃত অর্থ ৩৬৩২১০১ প্রকল্প অনুদান কোডে বরাদ্দ রেখে ব্যয় করতে হবে। এ বিষয়ে মূলধন খাত এবং রাজস্ব খাত বিষয়ক (আইবাস সম্পর্কিত) জটিলতা নিরসনের পরিকল্পনা কমিশনের নীতিগত সম্মতি নিতে হবে।<br><br>এ বিষয়ে সিদ্ধান্তের জন্য পরবতর্বী পিএসসি সভায় উপস্থাপন করা যেতে পারে। |
| ৩.৩ | ডিপিপি অন্ত:খাত সমন্বয়ের পূর্বে বেশ কিছু নতুন কোড অন্তর্ভুক্তি ও বিদ্যমান একাধিক কোডে বিভাজনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সম্মতি প্রদানের চিঠিতে ডিপিপি সংশোধনের সময় সেগুলি প্রতিফলনের শর্ত দেয়া হয়। তা প্রতিফলনের জন্য ডিপিপি সংশোধন করা প্রয়োজন। সভায় আরো বলা হয় যে, প্রকল্প সংশোধনের সময় প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি সহ আরো কোনো নতুন কোড থাকলে তা অন্তর্ভুক্ত করা যেতে পারে। | সত্বর ডিপিপি সংশোধন করে মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। |
| ৩.৪ | প্রকল্পের ভৌত অগ্রগতির বিষয়ে সভায় জানানো হয় যে, নভেম্বর ডিসেম্বর ২০২১ মাসে ১১২ টি এনজিওর মধ্যে ১১০টি এনজিও এলাকা ভিত্তিক শিশু জরিপ রিপোর্ট প্রদান করেছে। সেগুলি যাচাই করা হচ্ছে। শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরীবিক্ষণ শেষে যাচাই করছেন। জানুয়ারি ২০২২ হতে উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র খুলে শিক্ষাদান কর্মসূচি চালু হয়েছে। শিক্ষাদান কর্মসূচী সঠিকভাবে পরিচালনার বিষয়ে এনজিওদের নিয়মিত নির্দেশনা দেয়া যেতে পারে। | উপানুষ্ঠানিক শিক্ষাদান কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য এনিজিওদের নিয়মিত নির্দেশনা প্রদান করতে হবে। প্রকল্পের উদ্দেশ্য যেহেতু ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন সেহেতু উপআনুষ্ঠানিক, শিক্ষা গ্রহণ শেষে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ গ্রহণের উপযোগী বয়সী হওয়া বাঞ্চনীয়। শিশু জরিপে বিষয়টি নিশ্চিত করা আবশ্যক । |

| | | |
|---|---|---|
| ৩.৫ | প্রকল্পে প্রোগ্রাম সুপারভাইজার পদে ১৩ জন প্রার্থীকে নিয়োগপত্র দেয়া হয়। তন্মধে ১০ জন যোগদান করেছেন। অন্যদিকে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি /কন্ট্রোল অপারেটর) পদে ২ জন যোগদান করেছেন। প্রোগ্রাম সুপারভাইজারদের যথাশীঘ্র সম্ভব মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে। | প্রোগ্রাম সুপারভাইজারদের যথাশীঘ্র সম্ভব মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে। অবশিষ্টদের প্যানেল থেকে নিয়োগের ব্যবস্থা করা প্রয়োজন। মাঠ পর্যায়ে এনজিওদের সাথে অনলাইনে যুক্ত থেকে কার্যক্রম নিশ্চিত করতে হবে। |
| ৩.৬ | প্রকল্পে নিযুক্ত কর্মচারীদের বেতন ভাতাদি অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী সাকুল্যে বেতন কোড হতে দিতে হবে। এই কোডটি মূল ডিপিপিতে আছে। তবে সমন্বয়ের সময়ে সেটি মূল বেতন (কর্মচারী) কোডে দেখানো হয়েছে। অর্থ বিভাগে আলাপ করে জানা যায়, প্রকল্পের জনবলের বেতন-ভাতা ৩২১১১০৯ সাকুল্যে বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) কোড হতে দিতে হবে। ডিপিপি সংশোধনের সময় এটি প্রতিফলিত করা যেতে পারে। | প্রকল্পের জনবলের বেতন ভাতা ৩২১১১০৯ সাকুল্যে বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) কোড হতে দিতে হবে। তবে ডিপিপি সংশোধনের সময় বিষয়টি প্রতিফলিত করতে হবে। প্রকল্প চলাকালীন এ সময়ে অন্তবর্তী ব্যবস্থা চলমান থাকতে পারে।<br><br>এ বিষয়ে সিদ্ধান্তের জন্য পরবতর্বী পিএসসি সভায় উপস্থাপন করা যেতে পারে। |
| ৩.৭ (ক)<br><br><br>(খ) | বিবিধ: প্রকল্প পরিচালক/নিয়োগকৃত জনবল ।<br><br><br>অর্থ ব্যয়ঃ এনজিওদের পেমেন্ট এর বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করতে হবে। ১ম ও ২য় কিস্তির অর্থ ব্যয়িত না হওয়ায় সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। অর্থ বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে ১ম ও ২য় কিস্তির অর্থ সঠিক ভাবে ব্যায় না হলে ৩য় কিস্তির অর্থ ছাড়ের সম্মতি হবে না। এ বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয় অধিক গুরুত্ব দিবেন বলে সভায় উল্লেখ করা হয়। | প্রকল্প পরিচালক প্রয়োজনীয় জনবল ব্যবহার করে প্রকল্পের কার্যক্রম দ্রুতগতি সম্পন্ন করবেন।<br><br>১ম, ২য়, ও ৩য় কিস্তির অর্থ যথাসময়ে ব্যয় করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
ড. সেলিনা আক্তার
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
এবং
সভাপতি, পিআইসি কমিটি

পরিশিষ্ট 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প
বাড়ি-২৮৯, রোড-১৯বি, নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

প্রকল্পের নাম : বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প।
সভা : ৪র্থ পিআইসি সভা।
সভার সভাপতি : ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১৮/০১/২০২২ সকাল: ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিতির হাজিরা সিট:**

| ক্র/নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | মো: মনোয়ার হোসেন প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) | ঝুঁকিশিশু ৪র্থ প্রকল্প | 01820275474 | [signature] ১৮/০১/2022 |
| ৩ | [illegible] মো: [illegible] হোসেন উপসচিব, শ্রম ও কর্মসংস্থান | MoLE | 01712-550122 | [signature] |
| ৪ | সুরাইয়া জাহান উপসচিব | অর্থ বিভাগ | ০১৭১১৭৮২৫৭১ suraiyaj@finance.gov.bd | [signature] ১৮/০১/2022 |
| ৫ | মো: [illegible] হোসেন [illegible] | NSDA, PMO | 01712830616 dd.skillscoordination@nsda.gov.bd | [signature] ১৮/০১/২২ |
| ৬ | কিসমত জাহান ফেরদৌসি উপসচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০১৫৫৬৬৮৩০০৬ planningonemowca@gmail.com | [signature] ১৮/১/2022 |
| ৭ | মনোয়ার হোসেন পরিদর্শক ও সহকারী কর্মকর্তা, DIFE | DIFE | 01734568548 monvar@dife.gov.bd | [signature] 18/01/2022 |

| ক্র/নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮ | মোঃ শহিদুল ইসলাম হিসাব রক্ষণ কর্মকর্তা | MOLE | 01710-619564 si67mole@gmail.com | [signature] ১৮.০১.22 |
| ৯ | মোঃ বেল্লাল হোসেন শেখ পরিচালক (প্রশাসন) | শ্রম অধিদপ্তর | 01712918454 belladsheikh30@gmail.com | [signature] ১৮/০১/22 |
| ১০ | | | | |
| ১১ | | | | |
| ১২ | | | | |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |
| ১৬ | | | | |